দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ৪

NOV. 28 2002

# খুলনায় শিক্ষক কর্মচারীদের আনন্দ মিছিল

খুলনা অফিস ॥ সংসদে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী সুবিধা বিল পাস হওয়ায় মঙ্গলবার বিকালে খুলনা শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নগরীর আহসান উল্লাহ কলেজ থেকে একটি বিজয় মিছিল বের করে। মিছিল শেষে প্রেস ক্লাব চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, এই বিল পাস হওয়ায় বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবসর জীবনে

( ১২শ পৃঃ দ্রঃ )

## খুলনায় শিক্ষক-কর্মচারী

(৭ম পৃঃ পর)

নিরাপত্তা নিশ্চিত হয়েছে। তারা এই বিল পাস করায় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ সংসদ সদস্যদের ধন্যবাদ জানান। সমাবেশে সভাপতিত্ব করেন ঐক্যজোট নেতা অধ্যাপক নজিবুর রহমান। বক্তৃতা করেন অধ্যক্ষ মাযহারুল হান্নান, অধ্যক্ষ সৈয়দ আমিরুল ইসলাম মুকুল, অধ্যক্ষ জাহাঙ্গীর আলম, অধ্যক্ষ রহমতউল্লাহ, অধ্যাপক শহিদুল ইসলাম, অধ্যাপক ফেরদাউস উর রহমান, আবদুর রাজ্জাক প্রমুখ।